এফসিবি’র প্রতিপক্ষ মোনাখালি ইউনিয়ন একাদশ

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর সেমিফাইনাল খেলায় বাওট শাপলা ক্লাবকে ২-০ গোলের ব্যবধানে হারিয়ে ফাইনালে মোনাখালি ইউনিয়ন একাদশ।

গতকাল মঙ্গলবার বিকালে মেহেরপুর সরকারি কলেজ মাঠে এই উত্তেজনাপূর্ণ খেলাটি অনুষ্ঠিত হয়।

উত্তেজনাপূর্ণ খেলার প্রথম অর্ধের ১৩ মিনিটের সময় মোনাখালি ইউনিয়ন একাদশের পক্ষে দলীয় স্ট্রাইকার গাফ্ফারের দৃষ্টিনন্দন গোলে এগিয়ে যায় দলটি। এরপর দ্বিতীয় অর্ধের ২৮ মিনিটের সময় আরেকটি গোল দেন মোনাখালি ইউনিয়ন একাদশের ফরোয়াড শোভন।

তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই একাধিক করে গোল সুযোগ হারান।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন মোনাখালি ইউনিয়ন ফুটবল একাদশের পক্ষে ফরোয়াড আব্দুল গাফ্ফারকে। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়।

তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির সভাপতি এমদাদুল হক, মেহেরপুর সকারি কলেজের অবসরপ্রাপ্ত শারীরিক শিক্ষক ও প্রাক্তন খেলোয়াড় রমজান আলী, অবসরপ্রাপ্ত কৃতি ফুটবলার ও মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র আব্দুর রহমান, অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা ও প্রাক্তন খেলোয়া আব্দুস সালাম, মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের সদস্য সচিব মাহাবুব চান্দু, প্রাক্তন খেলোয়াড় আমিরুল ইসলাম অল্ডাম।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, মনিরুজ্জামান মনি, মুস্তারুল ইসলাম মঞ্জা, শামীম জাহাঙ্গীর সেন্টু, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামসুজ্জামান শামীম, মাহাবুব হাসান ডালিম ।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন সোহেল রানা। তাকে সহযোগীতা করেন আব্বাছ উদ্দীন ও মনিরুল ইসলাম। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন ইয়ারুল ইসলাম। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন। উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল ১ জুলাই ফাইনাল খেলা একই মাঠে মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়ন একাদশ ও ফাস্ট ক্যাপিট্যাল আব বাংলাদেশ (এফসিবি) মধ্যে লড়াই হবে।

মোনাখালি ইউনিয়ন একাদশ সেমিফাইনালে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট২০২৩ এর দ্বিতীয় রাউন্ডের দ্বিতীয় খেলায় শালিকা টাইগার ক্লাবকে ১-০ গোলে হারিয়ে মোনাথালি ইউনিয়ন একাদশ সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে।

আজ বুধবার বিকালে অনুষ্ঠিত উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথমার্ধের ১৫ মিনিটের সময় মোনাখালি ইউনিয়ন একাদশের রক্ষণভাগের খেলোয়াড় রুমন একটি গোল করে তার দলকে এগিয়ে নেন। এরপর উভয় দলই মরিয়া হয়ে ওঠেন গোল দিতে। কিন্তু আর কেউ কোনো গোল দিতে পারেনি। তবে, উভয় দলই বারবার গোল দেওয়ার সুযোগ তৈরী করতে পারলেও গোল পোষ্টে বল প্রবেশ করাতে পারেনি। খেলায় মোনাখালি ইউনিয়ন একাদশের ফরোয়ার্ড রুমনকে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়।

রুমনের হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন খেলা পরিচালনা কমিটির আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, সদস্য শামীম জাহাঙ্গীর সেন্টু, আমিরুল ইসলাম অল্ডাম ও ধারাভাষ্যকার রুহুল আমিন।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সদস্য সচিব মাহাবুব চান্দু, মেহেরপুর

প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমীন, আহবায়ক কমিটির সদস্য হাসানুজজামান বাবু, সেলিম রেজা, জাহাঙ্গীর আলম, মাহাবুব হাসান ডালিম প্রমুখ।

রেফরি হিসাবে মাঠে খেলা পরিচালনা করেন মাহাবুবুর রহমান, সহকারি রেফারি ছিলেন, আব্বাছ উদ্দীন ও সোহেল রানা। চতুর্থ রেফরি ছিলেন টুটুল আহমেদ।

ধারাভাষ্যে ছিলেন আমুঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।